

ফাতওয়া নম্বর:৪০৩

প্রকাশকাল:২৩-০৮-২০২৩ ইং

**অন্যের পক্ষ থেকে দেওয়া কুরবানীতে নিজের অর্থ যুক্ত করার বিধান  
প্রশ্নঃ**

আমাকে এক ভাই তার পক্ষ থেকে কুরবানী করার জন্য দশ হাজার টাকা দেন। কিন্তু পশু কিনতে গিয়ে দশ হাজারে পছন্দের পশু পাচ্ছিলাম না। তাই তার পক্ষ থেকে আরও পাঁচশ টাকা মিলিয়ে দশ হাজার পাঁচশ টাকায় একটি পশু কিনে আনি। এখন জানার বিষয় হলো, এভাবে তার পক্ষ থেকে কুরবানী সহীহ হয়েছে কি?

**উত্তরঃ**

হ্যাঁ, উক্ত কুরবানী সহীহ হয়েছে। তবে এমন ক্ষেত্রে প্রয়োজনে অতিরিক্ত টাকা যোগ করার জন্য তার অনুমতি নিয়ে রাখা উত্তম। -বাদায়েউস সানায়ে: ৫/৬৭; আলবাহরর রায়েক: ৭/১৫৯; ইমদাদুল আহকাম: ৪/২৪৯; দারুল ইফতা, জামিয়া আল্লামা ইউসুফ বানূরী, ফতোয়া নং ১৪৪০০১২০০০৮০; দারুল ইফতা, জামিয়া ফারুকিয়া, করাচি, ফতোয়া নং ১৭০/৩২৪

فقط. والله تعالى أعلم بالصواب.

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৮-০১-১৪৪৫ হি.

০৬-০৮-২০২৩ ই.

